# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Major 1st Semester Examination, 2024

## UBNGMAJ11001-BENGALI

### বাংলা সাহিত্যের ইতিহাস [প্রাচীন ও মধ্যযুগ : সংক্ষিপ্ত পরিচয়]

Time Allotted: 2 Hours 30 Minutes                                                                                    Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো *ছয়টি* প্রশ্নের উত্তর দাওঃ                                                                                    ২×৬ = ১২

(ক) বাংলা সাহিত্যের প্রাচীন যুগের সময়কাল উল্লেখ করে, এই যুগের একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

(খ) চর্যাপদের পুথিটি কে, কোথা থেকে আবিষ্কার করেন ?

(গ) শ্রীকর নন্দীর অনুবাদ কাব্যের সময়কালসহ নাম উল্লেখ করো।

(ঘ) 'চণ্ডীমঙ্গল' কাব্যের দু'জন রচয়িতার নাম লেখো।

(ঙ) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থটি কী জাতীয় গ্রন্থ ? এই গ্রন্থের রচয়িতা কে ?

(চ) চৈতন্য পূর্ববর্তী যুগের দুইজন পদকর্তার নাম লেখো।

(ছ) গোবিন্দদাস কোন্ পর্যায়ের পদ রচনায় শ্রেষ্ঠ পদকার ? ওই পর্যায়ের একটি পদের উল্লেখ করো।

(জ) শাক্ত পদাবলীর পদগুলি কয়টি পর্যায়ে বিভক্ত ও কী কী ?

২। নিম্নলিখিত যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাওঃ                                                                                    ৩×৪ = ১২

(ক) বাংলা সাহিত্যকে কয়টি যুগে ভাগ করা হয়েছে ও কী কী উল্লেখ করো।

(খ) কোষ গ্রন্থ বলতে কী বোঝায় ? উদাহরণ দাও।

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটির আবিষ্কারক কে ? কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত ?

(ঘ) আরাকান রাজসভার দুইজন কবির নাম উল্লেখ করে, তাঁদের একটি করে কাব্যের নাম লেখো।

(ঙ) চৈতন্য পরবর্তী একজন কবির নাম উল্লেখ করে তাঁর দুটি পদের নাম লেখো।

(চ) ভক্তের আকুতি কাকে বলে ?

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ                                                                                    ৬×২ = ১২

(ক) বাংলা সাহিত্য ও সংস্কৃতিতে তুর্কি আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(খ) বিজয়গুপ্তের মনসামঙ্গল কাব্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো।

(গ) বৈষ্ণব পদাবলীতে জ্ঞানদাসের অবস্থান সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) কমলাকান্ত ভট্টাচার্য কোন পর্যায়ের শাক্তপদ রচনায় শ্রেষ্ঠ পদকার ? তাঁর কাব্য প্রতিভার পরিচয় দাও।

৪। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ                                                                                    ১২×২ = ২৪

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের পরিচয় দাও। বাংলা সাহিত্যে এই কাব্যটির ঐতিহাসিক গুরুত্ব সম্পর্কে আলোকপাত করো।                                                                                    ৬+৬

(খ) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্য সম্পর্কে আলোচনা করো।

(গ) বাংলা সাহিত্যে আরাকান রাজসভার কাব্য সম্বন্ধে আলোচনা করো।

(ঘ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে বিদ্যাপতির অবদান সম্পর্কে আলোচনা করো।

——×——